

কালের কণ্ঠ

আপডেট : ১০ মার্চ, ২০১৮ ২২:৫৫

শেষ হলো শাবিপ্রবিতে জাতীয় নারী বিতর্ক প্রতিযোগিতা

চ্যাম্পিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জাতীয় নারী বিতর্ক প্রতিযোগিতার অতিথিদের সঙ্গে চূড়ান্ত পর্বে অংশগ্রহণকারী দলগুলো। ছবি : কালের কণ্ঠ

চূড়ান্ত বিতর্কের বিষয়বস্তু ছিল ‘এই সংসদ, নারীর ক্ষেত্রে বিশেষায়িত সব দিবস, কোটা, আইন, সুবিধা বাতিল করব।’ পক্ষে ছিল ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি অপরাজেয় বাংলা। বিপক্ষে ছিল ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। নিজেদের যুক্তিতর্কে শেষ পর্যন্ত বিজয়ীর মুকুট ছিনিয়ে নেয় অপরাজেয় বাংলা।

সরকারি দলের যুক্তি হলো ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হবে। তার সঙ্গে তাল মিলিয়ে নারী-পুরুষ সমতা নিশ্চিত করে এই সুবিধা তুলে নিতে হবে। কারণ কোটা সুবিধা নারীদের জন্য অবমাননাকর। অন্যদিকে বিরোধী দলের যুক্তি হলো, নারীদের এগিয়ে নিতে এই সুবিধা দরকার।

এমন উপভোগ্য তুমুল তর্কযুদ্ধের মধ্য দিয়ে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) প্রথমবারের মতো অনুষ্ঠিত হলো ‘মোনালিসা প্রেজেন্টস প্রথম এসইউডিএস জাতীয় নারী বিতর্ক প্রতিযোগিতা-২০১৮’। তিন দিনব্যাপী এ তর্কযুদ্ধের চূড়ান্ত পর্বের সেরা বিতর্কিক নির্বাচিত হন বিজয়ী দলের অর্থি। প্রতিযোগিতার সেরা বিতর্কিক হন চিটাগাং ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ডিবেটিং সোসাইটির সারা বিনতে চৌধুরী।

গতকাল সন্ধ্যা ৬টায় প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির পক্ষে ছিলেন নীড়, অর্থি ও মেহজাবিন। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পক্ষে রাইসা, পুতুল ও মৌ।

এর আগে বিকেল ৩টায় অনুষ্ঠিত হয় প্রতিযোগিতার সেমিফাইনাল। প্রথম সেমিফাইনালে চিটাগাং ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ডিবেটিং সোসাইটিকে হারিয়ে ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি ফাইনাল নিশ্চিত করে। সেরা বিতর্কিক

হন ঢাবি দলের অর্থি। দ্বিতীয় সেমিফাইনালে জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি ডিবেট অর্গানাইজেশনের মুখোমুখি হয়ে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ফাইনাল নিশ্চিত করে। সেরা বিতর্কিক হন মৌ।

সন্ধ্যা সাড়ে ৭টায় পুরস্কার বিতরণ অনুষ্ঠানে অতিথি ছিলেন শাহজালাল বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, অধ্যাপক ড. হিমাদ্রী শেখর রায়, অধ্যাপক ফারজানা সিদ্দিকা রনি, সহকারী প্রক্টর সামিউল ইসলাম, মো. শাকিল ভূঁইয়া প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিযোগিতার আয়োজক সংগঠন শাহজালাল ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির (এসইউডিএস) সভাপতি জাম্বাতুল তাজরীন রিমি। শুরুতে স্বাগত বক্তব্য দেন প্রতিযোগিতার আহ্বায়ক তোফায়েল আহমদ। পরে আয়োজকদের পক্ষ থেকে অতিথি এবং বিচারকদের হাতে স্মারক তুলে দেওয়া হয়।

‘তুচ্ছ করো কৃপা-করণার দান, স্বমহিমায় জাগ্রত হউক নারীপ্রাণ’ স্লোগানে এ প্রতিযোগিতায় দেশের ১৪টি বিশ্ববিদ্যালয়ের বিতর্ক সংগঠন অংশ নেয়। এ আয়োজনের মিডিয়া পার্টনার দৈনিক কালের কণ্ঠ।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com